গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা।
(নেজারত শাখা)
www.netrokona.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৭২০০.০০৬.৩৮.০০১.১৮. ৯৩৬

তারিখ : ১৪ পৌষ, ১৪২৯
২৯ ডিসেম্বর, ২০২২

## -: নিলাম বিজ্ঞপ্তি :-

এতদ্বারা সকল শ্রেণীর ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান ও সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয় ও সার্কিট হাউজে ব্যবহার অনুপযোগী পুরাতন ফটোকপি মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, সিপিইউ, মনিটর, প্রিন্টার, টাইপ রাইটার মেশিন, জেনারেটর, নষ্ট ফ্রিজ, ডিভিআর মেশিন, ও পুরাতন সিসি ক্যামেরা নিলামে বিক্রয়ের নিমিত্ত সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম | বিবরণ | পরিমাণ | অবস্থান |
|---|---|---|---|
| ১. | পুরাতন ফটোকপি মেশিন (বিভিন্ন মডেলের) | ১০টি | জেলা প্রশাসকের কার্যালয়, নেজারত শাখা ও সার্কিট হাউজ, নেত্রকোণা। |
| ২. | পুরাতন ডুপ্লিকেটিং মেশিন Duplo DP-ARO DUPRINTER | ০১টি | |
| ৩. | পুরাতন প্রিন্টার Canon LBP-3300 | ১৬টি | |
| ৪. | পুরাতন প্রিন্টার (এইচপি) | ০৫টি | |
| ৫. | পুরাতন প্রিন্টার SAMSUNG 1800-110-011 | ০১টি | |
| ৬. | পুরাতন টাইপ রাইটার মেশিন | ০৫টি | |
| ৭. | পুরাতন CPU | ০৫টি | |
| ৮. | পুরাতন LED Monitor (বিভিন্ন ব্র্যান্ডের) | ০৮টি | |
| ৯. | সার্কিট হাউজের পুরাতন/নষ্ট ফ্রিজ | ০২টি | |
| ১০. | সার্কিট হাউজের এলজি জেনারেটর | ০১টি | |
| ১১. | ৩২ চ্যানেল বিশিষ্ট সিসি ক্যামেরার ডিভিআর মেশিন | ০১টি | |
| ১২. | সিসি ক্যামেরার পুরাতন ক্যাবল (ক্যাবলগুলো বিভিন্ন সাইজের টুকরা) | ৩০০ মিটার (আনুমানিক) | |
| ১৩. | পুরাতন সিসি ক্যামেরা | ০৮টি | |

০১। নিলাম দরপত্র বিক্রয়ের শেষ তারিখ : ১৭.০১.২০২৩ খ্রি: (অফিস চলাকালীন সময় পর্যন্ত)
০২। নিলাম দরপত্র গ্রহণের শেষ তারিখ : ১৮.০১.২০২৩ খ্রি: (বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত)
০৩। নিলাম দরপত্র খোলার তারিখ : ১৮.০১.২০২৩ খ্রি: (বেলা ১২.৩০ ঘটিকায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মহোদয়ের অফিস কক্ষে, ইচ্ছুক দরদাতাগণ অথবা মনোনিত ব্যাক্তি উপস্থিত থাকতে পারবেন)।
০৪। নিলাম দরপত্র বিক্রয়ের স্থান : জেলা প্রশাসকের কার্যালয়, নেজারত শাখায় ২২৭ নং কক্ষ।
০৫। নিলাম দরপত্র গ্রহণের স্থান : জেলা প্রশাসকের কার্যালয়ে সম্মেলন কক্ষের সামনে রক্ষিত দরপত্র বাক্স।
০৬। নিলাম দরপত্রের সিডিউল মূল্য : ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) প্রদান পূর্বক ক্রয় করতে হবে। দরপত্র গ্রহণের দিনে কোন সিডিউল বিক্রয় করা হবে না।
০৭। নিলাম ডাকের বায়না : জেলা প্রশাসক, নেত্রকোণা বরাবরে উদ্বৃত দরের ১০% (শতকরা দশ) ভাগ, পিও/বিডি।
০৮। নিলাম ডাকের শর্তাবলী :

<u>শর্তাবলী :</u>

(ক) নিলাম ডাকে অংশগ্রহণকারীদিগকে নিলাম ডাকে অংশগ্রহণ করার পূর্বে অংশগ্রহণকারীকে বর্ণিত সামগ্রী সরেজমিনে পরিদর্শন করে উহার সঠিকতা যাঁচাইসহ মূল্যমান অনুধাবন পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে ও সময়ে নিলাম দরপত্রে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে উহার মান সম্পর্কে কোন রকম ওজর আপত্তি গ্রহনযোগ্য হবে না।

(খ) নিলামে অংশগ্রহণকারী প্রত্যেককে নিলাম ডাকে তাঁর সাকুল্য উদ্বৃত মূল্যের শতকরা ১০% (শতকরা দশ) ভাগ হারে জামানত/বায়না হিসাবে যে কোন সিডিউল ব্যাংক হতে বিডি/পিও ইত্যাদি আকারে জেলা প্রশাসক, নেত্রকোণার অনুকূলে ক্রয় পূর্বক দরপত্রের সহিত জমা দিতে হবে। অন্যথায় তাঁর নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) নিলাম দরপত্রে উদ্ধৃত সর্বসাকুল্যে সর্বোচ্চ দরদাতার দর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিলাম ডাকের সমুদয় টাকাসহ সর্বোচ্চ টাকার উপর সরকারী সর্বশেষ নির্দেশ মোতাবেক আয়কর ও ভ্যাট নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে বিডি/পিও ইত্যাদি আকারে অথবা নগদে জমা দিতে হবে। অন্যথায় তাঁর নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঘ) অপসারণের আদেশ দেওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে নিজ খরচে তা অপসারণ করতে হবে।

(ঙ) নির্দিষ্ট সময়ের মধ্যে উল্লেখিত সামগ্রী অপসারণ করতে ব্যর্থ হলে জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা দেয়া হবে এবং তার দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(চ) উল্লেখিত দরে কোনরূপ কাটাকাটি, ঘষা, মুছা, ওভার রাইটিং থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(ছ) নিলাম দরদাতাগণ নিলাম দরপত্র দাখিলের পূর্বে নিজ খরচে মালামাল পরিদর্শন করতে পারবেন। নিলাম দরপত্র দাখিলের পর যে কোন ধরণের উত্থাপিত কোন আপত্তি/অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

(জ) কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/১২/২০২২

(অঞ্জনা খান মজলিশ)
জেলা প্রশাসক
নেত্রকোণা।
ফোন নং- ০২-৯৯৬৬৫১৬৩৪
E-mail:dcnetrokona@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৭২০০.০০৬.৩৮.০০১.১৮. ৯৩৬

তারিখ: ১৪ পৌষ, ১৪২৯
২৯ ডিসেম্বর, ২০২২

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২। প্রশাসক, জেলা পরিষদ, নেত্রকোণা।
০৩। পুলিশ সুপার, নেত্রকোণা।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।
০৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড/বিদ্যুৎ উন্নয় বোর্ড, নেত্রকোণা।
০৬। মেয়র, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা।

০৭। ........................................................................................................................

০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..................................নেত্রকোণা।

০৯। সম্পাদক, দৈনিক ....বাংলার দর্পন, নেত্রকোনা..........। তাকে দরপত্র বিজ্ঞপ্তিটি পরবর্তী সংখ্যায় (ভিতরের পাতায়) ০৪ কলাম × প্রস্থ ০৬ ইঞ্চিতে প্রকাশের জন্য এবং প্রকাশিত পত্রিকার ০২(দুই) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নেত্রকোণা। নিলাম বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৯/১২/২০২২

জেলা প্রশাসক
নেত্রকোণা